দৈনিক সংবাদ

তারিখ 08 SEP 1994
পৃষ্ঠা ৬ কলাম ৭

07

# শিক্ষা খাতে জাতীয় আয়ের ৮ ভাগ বরাদ্দের দাবি

(নিজস্ব বার্তা পরিবেশক)

বাংলাদেশ সাক্ষরতা সমিতি দেশে শিক্ষা বিস্তার কার্যক্রমকে জোরদার করার লক্ষ্যে শিক্ষা খাতে জাতীয় আয়ের ৭ থেকে ৮ ভাগ বরাদ্দ দেয়া, শিক্ষার জন্য প্রয়োজনীয় অর্থসংস্থানের লক্ষ্যে বিভিন্ন খাতে সারচার্জ আরোপ ও শিক্ষা ব্যবস্থাপনার উন্নয়নসহ ৩০ দফা সুপারিশ সরকারের কাছে পেশ করেছে। গতকাল বুধবার বিকেলে জাতীয় প্রেসক্লাবে আয়োজিত সাংবাদিক সম্মেলনে এসব সুপারিশ উপস্থাপন করা হয়।

বাংলাদেশ সাক্ষরতা সমিতি ও সাপ্তাহিক শিক্ষাপত্রের যৌথ উদ্যোগে আয়োজিত এ সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন সাক্ষরতা সমিতির জাতীয় সমন্বয় উপদেষ্টা পরিষদের চেয়ারম্যান অধ্যাপক এম শামসুল হক, সমিতির প্রধান উপদেষ্টা আবদুর রব চৌধুরী এমপি, সমিতির সভাপতি এ এ বজলে রাব্বি এবং সমিতির প্রতিষ্ঠাতা মহাসচিব ও সাপ্তাহিক শিক্ষাপত্রের সম্পাদক অধ্যাপক মোঃ ওসমান গনি।

অধ্যাপক এম শামসুল হক বলেন, বৃটিশ আমলে ১৯২৩ সাল থেকেই এ অঞ্চলে প্রাথমিক শিক্ষাকে অবৈতনিক ও বাধ্যতামূলক করার কথা বলা হয়েছিল। আমাদের দুর্ভাগ্য যে, এর ৭০ বছর পরেও এখন একই কথা বলা হচ্ছে।

আবদুর রব চৌধুরী এমপি বলেন, আমাদের দেশে শিক্ষা বিস্তারে ব্যর্থতার কারণ হচ্ছে এই যে, শিক্ষা যে মানুষের মৌলিক অধিকার, মানুষের বাঁচার দাবি- এ সম্পর্কে আমরা গণজাগরণ সৃষ্টি করতে পারিনি।

অধ্যাপক ওসমান গনি বলেন, শিক্ষার প্রকৃত চিত্র সম্পর্কে বর্তমানে কোন স্থান থেকেই সঠিক তথ্য পাওয়া যায় না।